

রাজনীতি

যশোরে এমপি রসুলের বাড়িতে হামলার প্রতিবাদে জামায়াতের বিক্ষোভ মিছিল

প্রতিবেদক: প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

যশোর-৪ (বাঘারপাড়া-অভয়নগর) আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির অধ্যাপক গোলাম রসুলের বাড়িতে ভাঙচুর ও হামলার ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে জামায়াত ইসলামীর নেতাকর্মীরা। এ ছাড়া পুলিশ সুপারের মধ্যস্থতায় সমঝোতা বৈঠক ডাকা হয়েছে।

বুধবার (২৯ জুলাই) বিকালে পুলিশ সুপারের কার্যালয়ে দুই পক্ষের উপস্থিতিতে সমঝোতা বৈঠক হবে।

এর আগে মঙ্গলবার বিকালে ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে দুই পক্ষের সঙ্গে কথা বলেন পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম। একপর্যায়ে তিনি আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের আশ্বাস দেন। দুই পক্ষ সমঝোতা বৈঠকে রাজি হয়েছে।

এদিকে সংসদ সদস্যের বাড়িতে হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে জামায়াত ইসলামীর নেতাকর্মীরা। মঙ্গলবার সন্ধ্যায় শহরের জজকোর্ট মোড় থেকে নেতাকর্মীরা মিছিলটি বের করেন। পরে মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে চৌরাস্তায় গিয়ে শেষ হয়। মিছিলে হামলাকারীদের আটকের দাবিতে বিভিন্ন স্লোগান দেন নেতৃবৃন্দ।

মিছিলের পূর্বে সংক্ষিপ্ত সমাবেশে নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, ঐতুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জেলা জামায়াতের আমির ও সংসদ সদস্যের বাড়িতে হামলা হয়েছে। সকাল গড়িয়ে সন্ধ্যা হলেও জড়িতদের আটক করেনি প্রশাসন। বাড়ির সামনে হামলাকারীরা দিনভর অবস্থান করলেও আইনশৃঙ্খলা বাহিনী কোনো পদক্ষেপ নেয়নি। দ্রুত হামলাকারীদের আটকের দাবি জানান বক্তারা। তা না হলে বিভিন্ন কর্মসূচি দেওয়ার হুশিয়ার দেন তারা।

এ সময় জেলা জামায়াতের সেক্রেটারি আবু জাফর সিদ্দিকী, সহকারী সেক্রেটারি অধ্যাপক গোলাম কুদ্দুস ও প্রচার সম্পাদক শাহাবুদ্দিন বিশ্বাস বক্তব্য রাখেন।

এর আগে মঙ্গলবার সকালে যশোর শহরের নীলগঞ্জ সুপারি বাগান এলাকায় আল মাদ্রাসাতুল শারইয়্যাহ'র শিশু ও এক অভিভাবককে মারধর করার অভিযোগ উঠে এমপি গোলাম রসুলের মেয়ের বিরুদ্ধে। পরে ক্ষুব্ধ অভিভাবক ও জনতা মাদ্রাসার পাশে অবস্থিত এমপির বাড়ি ঘেরাও করে বিক্ষোভ করেন। একপর্যায়ে বিক্ষুব্ধ জনতা এমপির বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর করে। পরে কয়েক ঘণ্টা অবরুদ্ধ করে রাখে এমপি ও স্বজনদের। এ ঘটনায় উত্তপ্ত পরিস্থিতি সৃষ্টি হয়।

বিকালে যশোর-নড়াইল মহাসড়কে অবস্থান নেন স্থানীয়রা। পরে এ ঘটনায় তদন্ত শেষে জড়িতদের আইনের আওতায় আনার প্রতিশ্রুতি দিলে সড়ক থেকে সরে যান ক্ষুব্ধ জনতা।

এদিন বিকালে ঘটনাস্থল পরিদর্শনে যান পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম। এ সময় তিনি দুই পক্ষের কথা শুনেন। ঘটনার সুষ্ঠু বিচারের আশ্বাস দেন পুলিশ সুপার। তিনি বলেন, এখনো এই ঘটনায় কোন মামলা হয়নি। পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের শুধু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/jshore-empi-rsuler-barite-hamlar-prtibade-jamayater-bikshobh-michhil>